

সব জেলায় বিনামূল্যের পাঠ্যবই সরবরাহে পুলিশি বাধা দূর করুন

পুলিশের অসহযোগিতায় বিনামূল্যের পাঠ্যবই সরবরাহ কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে বলে গত বুধবার দৈনিক সংবাদ খবর প্রকাশ করেছে। পুলিশ রাত ১০টার আগে এবং সকাল ৮টার পর রাজধানীতে পাঠ্যবই সরবরাহকারী ট্রাক চলাচল করতে দিচ্ছে না। বিশেষ করে নারায়ণগঞ্জের কাঁচপুর ব্রিজ দিয়ে রাত ১০টার আগে বই সরবরাহকারী কোন ট্রাক চলাচল করতে পারছে না, পুলিশের বাধার কারণে। পুরান ঢাকার বাংলাবাজারের কাছে ট্রাক রাখতেও দেয়া হচ্ছে না, যেখানে বেশিরভাগ ছাপাখানা অবস্থিত।

ট্রাক তো রাখতেই দেয়া হচ্ছে না, উল্টো চালকের লাইসেন্স বাতিল ও রুট পারমিটের কাগজপত্র যাচাই-বাছাইয়ের নামে ট্রাক আটক করে হয়রানির অভিযোগ উঠেছে পুলিশের বিরুদ্ধে। তাই ঢাকা থেকে একটি ট্রাক রাতে সর্বোচ্চ একবার বই সরবরাহ করতে পারছে। দূরবর্তী জেলা হলে সেক্ষেত্রে দু'দিনও লেগে যাচ্ছে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) চেয়ারম্যান এ. এস. সৈয়দ সংবাদকে বলেছেন, 'পুলিশের হয়রানি নিয়ে আমরা খুব সমস্যায় আছি। অতীতে স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে চিঠি দিয়ে পুলিশকে জানিয়ে দেয়া হতো বই বহনকারী ট্রাক না আটকাতে। কিন্তু এবার দু'বার চিঠি দিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সহযোগিতা চেয়েও হয়রানি থেকে রেহাই পাচ্ছি না।'

পুলিশের হয়রানির কারণে বিনামূল্যের পাঠ্যবই সরবরাহ কার্যক্রম বাধাগ্রস্ত হওয়াটা মেনে নেয়া যায় না। সময়মতো পাঠ্যবই সরবরাহ করতে না পারাটা একটি বড় সমস্যা। ঢাকা থেকে একটি ট্রাক রাতে সর্বোচ্চ একবার বই সরবরাহ করলে, সারাদেশে শিক্ষার্থীদের হাতে বই পৌঁছাতে বছরের অর্ধেক সময় পায় হয়ে যাবে। এতে কোন সন্দেহ নেই।

আমাদের কথা হচ্ছে, এক্ষেত্রে পুলিশি হয়রানি বন্ধ করতে হবে। বিনামূল্যের পাঠ্যবই সরবরাহকারী ট্রাক চলাচলের বাধা অপসারণ করতে হবে। যাতে সময়মতো সারাদেশে বই সরবরাহ করা সম্ভব হয়। প্রতি বছর স্বরাষ্ট্র মন্ত্রণালয় যেভাবে সহযোগিতা করেছে এবারও যেন তার ব্যত্যয় না ঘটে। সেটাই আমাদের প্রত্যাশা।